

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৯৩

১/ বিবিধ

আরবী

لقد رأيت الملائكة تغسل حمزة ضعيف

أخرجه ابن سعد في " الطبقات " (3 / 16) : أخبرنا محمد بن عبد الله الأنصاري قال: حدثني أشعث قال: سئل الحسن: أيغسل الشهداء؟ قال: نعم، قال: وقال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد صحيح مرسل، رجاله كلهم ثقات رجال البخاري غير أشعث، وهو ابن عبد الملك الحمراني، وهو ثقة، لكنه مرسل، فإن الحسن هو البصري، ولكنه من أقوى المراسيل، لأن مرسله قد احتج به كما ترى، فهو عنده صحيح قطعاً، ولكن ذلك مما لا يحملنا على اعتقاد صحته، لجهالة الواسطة بينه وبين النبي صلى الله عليه وسلم على ما هو

مقرر في علم المصطلح، لاسيما وهو معروف بالرواية عن الضعفاء والتدليس عنهم، فقد حدث مرة بحديث حدثه به علي بن زيد بن جدعان، ثم لما حدث به لم يذكر أنه تلقاه عن ابن جدعان! وكأنه لذلك قال الدارقطني: " مراسيله فيها ضعف ". نعم، قد رواه مسنداً معلى بن عبد الرحمن الواسطي حدثنا عبد الحميد بن جعفر حدثنا محمد بن كعب القرظي عن ابن عباس قال: " قتل حمزة بن عبد المطلب عم رسول الله صلى الله عليه وسلم جنباً، فقال رسول الله صلى الله عليه وسلم: غسلته الملائكة ". أخرجه الحاكم (3 / 195) وقال: " صحيح الإسناد ". قلت: لكن رده الذهبي بقوله: " قلت: معلى هالك ". وأورده في " الضعفاء "، وقال: " قال الدارقطني: كذاب

বাংলা

১৯৯৩। আমি ফেরেশতাদেরকে হামযাকে গোসল করাতে দেখেছি।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু সা'দ “আতত্ববাকাত” গ্রন্থে (৩/১৬), মুহাম্মাদ ইবনু আব্দুল্লাহ্ আনসারী হতে, তিনি আশায়াস হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ হাসানকে জিজ্ঞেস করা হয়েছিল, শাহীদদেরকে কি গোসল করানো হয়? তিনি বলেনঃ হ্যাঁ। তিনি আরো বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি সহীহ তবে মুরসাল। আশায়াস ছাড়া বর্ণনাকারীগণ সকলে নির্ভরযোগ্য, ইমাম বুখারীর বর্ণনাকারী। তিনি হচ্ছেন ইবনু আব্দুল মালেক হুমরানী, তিনি নির্ভরযোগ্য তবে হাদীসটি মুরসাল। হাসান হচ্ছেন বাসরী আর তার মুরসালগুলো শক্তিশালী। কারণ তার মুরসাল দ্বারা দলীল গ্রহণ করা হয়েছে যেমনটি দেখছেন। এটি তার নিকট নিঃসন্দেহে সহীহ। কিন্তু তা আমাদের মাঝে হাদীসটি সহীহ হওয়ার ব্যাপারে বিশ্বাস জন্মায় না। হাদীস শাস্ত্রের নীতির কারণে- তার এবং রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাঝের ব্যক্তি অজ্ঞাত হওয়ায়। এছাড়াও হাসান বাসরী দুর্বলদের থেকে বর্ণনা করা এবং তাদের থেকে তাদলীস করার ব্যাপারে পরিচিত। তিনি একবার আলী ইবনু যায়েদ ইবনু জাদ'য়ান হতে বর্ণনা করেন। অতঃপর তিনি যখন পুনরায় হাদীসটি বর্ণনা করেন তখন তিনি স্মরণ রাখতে পারেননি যে, তিনি হাদীসটি ইবনু জাদ'য়ান হতে গ্রহণ করেছেন!

এ কারণেই দারাকুতনী বলেনঃ তার মুরসালগুলোর মধ্যে দুর্বলতা রয়েছে।

হ্যাঁ, হাদীসটিকে মুসনাদ হিসেবে মুয়াল্লা ইবনু আব্দুর রহমান অসেতী বর্ণনা করেছেন আব্দুল হামীদ ইবনু জা'ফার হতে, তিনি মুহাম্মাদ ইবনু কা'ব কুরাযী হতে, তিন আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচা হামযাহ ইবনু আব্দুল মুত্তালিবকে জুনবী অবস্থায় হত্যা করা হয়েছিল। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে ফেরেশতারা গোসল করিয়েছেন।

এটিকে হাকিম (৩/১৯৫) বর্ণনা করে বলেছেনঃ সনদটি সহীহ।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ মুয়াল্লা হালেক (ধ্বংসপ্রাপ্ত)।

তিনি তাকে “আযযুয়াফা” গ্রন্থে উল্লেখ করে বলেনঃ দারাকুতনী বলেনঃ তিনি বড়ই মিথ্যুক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72876>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন